# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## BANGLADESH WATER DEVELOPMENT BOARD

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
ওয়াপদা ভবন(নবম তলা)
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
ফোনঃ ৫৭১৬৪৩৪৭
ই-মেইলঃ dir.cpc@bwdb.gov.bd

Office of the Superintending Engineer
Contract and Procurement Cell
WAPDA Bhaban (8th floor)
Motijheel C/A, Dhaka-1000
Phone: 57164347
email: dir.cpc@bwdb.gov.bd


স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪ তারিখ : ২০-০৭-২০২০ খ্রিঃ

## পরিপত্র

বিষয়ঃ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে সীমিত দরপত্র পদ্ধতির অধীন কার্য ক্রয় ও পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২০-২১ অর্থ বৎসরে ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তিকরণ প্রসংগে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাপাউবো'তে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির আওতায় অনধিক ৩(তিন) কোটি টাকার অভ্যন্তরীণ কার্য ও ২৫ লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবরাহের লক্ষ্যে ২০২০-২০২১ অর্থ বৎসরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি করা হবে। এমতাবস্থায় ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তি করার জন্য আগ্রহী ক্রয়কারীকে (Procuring Entity) নিম্নলিখিত নিয়মাবলী অনুসরণ করতে অনুরোধ করা হলোঃ

ক। ঠিকাদার/সরবরাহকারী তালিকাভুক্তির জন্য আগ্রহী ক্রয়কারীকে বহুল প্রচারিত ০১টি বাংলা ও ০১টি ইংরেজী জাতীয় পত্রিকায় ০১ দিন বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে।

খ। ঠিকাদার/সরবরাহকারীগণ বাপাউবো'র যে বিভাগে/দপ্তরে তালিকাভুক্তিতে আগ্রহী সেই বিভাগের সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারী (Procuring Entity) এর দপ্তরে আবেদন পত্র জমা দিবেন। যে সকল ঠিকাদার/সরবরাহকারী বর্তমানে কোন নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারী এর দপ্তরে তালিকাভুক্ত আছেন তাদেরকেও নবায়নের জন্য নিবন্ধন বহিতে প্রদত্ত শর্তানুযায়ী সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারীর দপ্তরে আবেদন পত্র জমা দিতে হবে।

গ। একই ঠিকাদার/সরবরাহকারী একের অধিক দপ্তরে/শ্রেনী(ক্যাটাগরী)তে তালিকাভুক্ত হতে পারবেন তবে পৃথকভাবে আবেদন করতে হবে এবং পৃথকভাবে সরকার নির্ধারিত ফি প্রদান করতে হবে।

ঘ। ঠিকাদার/সরবরাহকারীগণের নুতন তালিকাভুক্তির জন্য সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারী সিপিটিইউ এর ওয়েবসাইট (www.cptu.gov.bd) অথবা বাপাউবো'র ওয়েবসাইট (www.bwdb.gov.bd) হতে Standard Application Form for Enlistment (SAFE-A & SAFE-B) ডাউনলোড করে আবেদনপত্র (Document) প্রস্তুতপূর্বক তা তালিকাভুক্তির জন্য আগ্রহী ঠিকাদার/ সরবরাহকারীগণকে সরবরাহ করবেন। উল্লেখ্য, নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারী কর্তৃক SAFE-B এর 4.1(d) তে Bank Solvency Certificate of Amount এ নির্দিষ্ট টাকার পরিমান উল্লেখ করতে হবে।

ঙ। ঠিকাদার/সরবরাহকারীগণকে তালিকাভুক্তির জন্য আবেদন পত্রের সাথে আবেদন ফি বাবদ ৫০০.০০ (পাঁচ শত) টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংশ্লিষ্ট আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক) বরারর দাখিল করতে হবে।

চ। প্রত্যেক নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারী পিপিআর-২০০৮ এর বিধি ৫২(৩)(খ) মোতাবেক নিম্নে বর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে Enlistment Committee গঠন করবেন যা সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক অনুমোদিত হতে হবেঃ

(অ) নির্বাহী প্রকৌশলী/সমমানের কর্মকর্তা - সভাপতি
(আ) ১ জন বাপাউবো বহির্ভুত সদস্য - সদস্য
(ই) উপ-বিভাগীয় প্রকৌশলী/ সমমানের কর্মকর্তা - সদস্য-সচিব

ছ। Enlistment Committee বিজ্ঞপ্তিতে চাহিদাকৃত তথ্যাদির ভিত্তিতে ঠিকাদার/সরবরাহকারীগণের নিকট হতে প্রাপ্ত তালিকাভুক্তি/নবায়নের আবেদন মূল্যায়ন করতঃ তালিকা প্রস্তুত করে সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী মহোদয়ের নিকট অনুমোদনের জন্য সুপারিশ সহকারে দাখিল করবেন এবং প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের পর সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী তালিকা সংরক্ষণ করবেন। সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী/ক্রয়কারী কৃতকার্য তালিকাভুক্ত/নবায়নকৃত ঠিকাদার/সরবরাহকারীগণকে পত্রের মাধ্যমে অবহিত করবেন এবং নতুন ঠিকাদার/ সরবরাহকারীগণকে নিবন্ধন বহি প্রদান করবেন।

(অ:পৃ: দ্র:)

জ। নিবন্ধন বহি প্রদানের পূর্বে পিপিআর-২০০৮ এর বিধি ৫২(৩)(ঙ) অনুযায়ী নুতন ঠিকাদার/সরবরাহকারীগণকে তালিকাভুক্তি ফি বাবদ ৫,০০০.০০ (পাঁচ হাজার) টাকা এবং ২০২০-২১ সালে তালিকাভুক্ত ঠিকাদার/সরবরাহকারীগণকে পরবর্তি অর্থ বছর (২০২১-২০২২) থেকে প্রতি বৎসরের জন্য নবায়ন ফি বাবদ ২,০০০.০০ (দুই হাজার) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংশ্লিষ্ট র‍্যাক এ অবশ্যই দাখিল করতে হবে। উল্লেখ্য, "নিবন্ধন/নবায়ন ফি" জমা দেয়ার সময় সরকার নির্দ্ধারিত ফি এর অতিরিক্ত ১৫% হারে মূল্য সংযোজন কর (VAT) প্রদান করতে হবে।

ঝ। ক্রয়কারী কর্তৃক তালিকাভুক্তকরণ সম্পন্ন করা সাপেক্ষে ই-জিপি সিস্টেমে সীমিত দরপত্র পদ্ধতিতে দরপত্র আহবানের ক্ষেত্রে দরপত্র দলিলে/নোটিশে "কেবলমাত্র অত্র ক্রয়কারীর দপ্তরে তালিকাভুক্ত প্রতিষ্ঠানই দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন " উল্লেখ করতে পারবে। যে সকল দপ্তর তালিকাভুক্তকরণ সম্পন্ন করবে না সে সকল পূর্বের নিয়মে ই-জিপিতে দরপত্র আহবান করতে পারবে।

২। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এই পরিপত্র জারী করা হলো।

20/07/2020
(মোঃ মনিরুল ইসলাম)
তত্বাবধায়ক প্রকৌশলী

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪ তারিখ: ২০-০৭-২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

20/07/2020
(মোঃ মনিরুল ইসলাম)
তত্বাবধায়ক প্রকৌশলী

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪ তারিখ: ২০-০৭-২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১| প্রধান প্রকৌশলী/অতিঃপ্রধান প্রকৌশলী/........................................... ..............বাপাউবো,........................|
২| পরিচালক/প্রকল্প পরিচালক / তত্ত্বাবধায়ক প্রকৌশলী ....................................... বাপাউবো, ........................|
৩| সচিব, বাপাউবো, ঢাকা।
৪| সিএসও টু মহাপরিচালক,বাপাউবো, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিতে আনার অনুরোধসহ)
৫| নির্বাহী প্রকৌশলী......................................... ..........বাপাউবো,........................|
৬| সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা| (বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)
৭| ব্যক্তিগত সহকারী , অতিঃ মহাপরিচালক (..........................)বাপাউবো, ঢাকা। (অতিঃ মহাপরিচালক মহোদয়ের অবগতিতে আনার অনুরোধসহ)
৮| দপ্তর কপি।

২০|০৭|২০২০
(মোঃ হাফিজুল আলম)
নির্বাহী প্রকৌশলী